

## **চুনাবুঘাটে জাল জন্ম সনদের দায়ে যুবকের জেল-জরিমানা**

### **সংবাদাতা,চুনাবুঘাট**

চুনাবুঘাট ভ্রাম্যমান আদালত জাল জন্ম সনদ দিয়ে হালনাগাদ ভোটার আইডির ছবি তোলার অভিযোগে এক যুবককে ৫শ' টাকা জরিমানা ও অনাদায়ে ৭ দিনের বিনাশ্রম কারাদন্ড দেয়া হয়েছে। রবিবার উপজেলার পাইকপাড়া ইউনিয়নে হালনাগাদ ভোটার আইডি ছবি তোলার সময় সতং গ্রামের আবদুল কাইয়ুমের পুত্র রোমান মিয়া (২০) ওই ইউপি'র সাবেক চেয়ারম্যান শামছুজ্জামান শামীম এর স্বাক্ষর জাল করে একটি জন্ম সনদ উপস্থাপন করলে তা ভুয়া হিসেবে ধরা পরে। পরে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ মুজিবুর রহমান ভ্রাম্যমান আদালত বসিয়ে তাকে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইনে ৫শ' টাকা জরিমানা ও অনাদায়ে ৭ দিনের কারাদন্ড প্রদান করেন।